

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৭টি প্রতিষ্ঠানকে ১.৪৯ লক্ষ টাকা জরিমানা

১৭ মে ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্য লয়বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্য লয় ১১ জন কর্ম কর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, কক্সবাজার, নেত্রকোণা, মাগুরা, দিনাজপুর ও নওগাঁ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্য লয়ের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, জনাব ইন্দ্রানী রায় ও ঢাকা জেলা কার্য লয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক তেজগাঁও, পল্লবী ও মিরপুর এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে সৌদিয়া ক্যাটারিংকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ডেইলি সুপার শপকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে শুভেচ্ছা স্টোর, নুরুল আমিনের দোকান, আরিফের তরকারির দোকান, ইফাদ রাইছ, জামাল ট্রেডার্স কে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে তারিকুলের পুঁজাজের দোকান, সালামের তরকারির দোকান, রফিকুলের মাংসের দোকানকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে মালেক মাংস বিতান, ঢাকা মিষ্টান্ন ভান্ডারকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৫৫,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্য লয়ের সহকারী পরিচালক জনাব ফাহমিনা আক্তার কর্তৃক ঢাকা মহানগরীর মোহাম্মদপুর ও আদাবর এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে বিসমিল্লাহ হোটেলকে ৮,০০০/- (আট হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে Deshi Meat, আফতাবের মাংসের দোকানকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৬টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১৮টি প্রতিষ্ঠানকে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ১৭ মে ২০১৯ তারিখে ১১টি বাজার তদারকির মাধ্যমে ৩৭টি প্রতিষ্ঠানকে মোট ১,৪৯,০০০/- (এক লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন সিভিল সার্জন, মৎস্য কর্ম কর্তৃক পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্ম কর্তৃক স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

ফাহমিনা আক্তার

সহকারী পরিচালক (কার্য ক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dnrcrp.gov.bd

প্রাপক,

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা/পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা/বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।